



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ



একুইটি এন্ড অস্ট্রাথ্যানারশীপ ফান্ড ইউনিট

সূত্র নং-ইইএফ/৯২/২০২১-২৪৩

তারিখঃ ০৬/০৬/২০২১

ব্যবস্থাপনা পরিচালক

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ(আইসিবি)

বিডিবিএল ভবন

৮ রাজউক এডিনিউ

ঢাকা-১০০০

প্রিয় মহোদয়,

ইএসএফ সংশ্লিষ্ট মঞ্জুরিপত্রের ৬, ২০ ও ২৪ নং অনুচ্ছেদ এর সংশোধন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের ২৬/০১/২০২১ তারিখের সূত্র নং-৫৩.১৩.০০০০.০৯৩.৪২.০০১.২১/৪০৫৮ ও ০১/০৪/২০২১ তারিখের সূত্র নং-৫৩.১৩.০০০০.০৯৩.৪২.০০১.২০/৪২৮৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ইএসএফ নীতিমালা-২০১৮(সংশোধিত) অনুচ্ছেদ ৮.৭ ও ২৫.১ সংশ্লিষ্ট অনুচ্ছেদে সংশোধন পূর্বক অত্র ইউনিট কর্তৃক একটি সার্কুলার লেটার (নং-০১/২০২১ তারিখ ০২/০৬/২০২১) জারী করা হয়েছে (কপি সংযোজিত)। তাছাড়া, মঞ্জুরিপত্রে উল্লেখিত ৬ ও ২৪ নং শর্তাবলী নিম্নরূপভাবে সংশোধনের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে :

মঞ্জুরিপত্রের শর্ত নং	বিদ্যমান	অনুমোদিত শর্তাবলী
৬	..... এ ছাড়া, প্রস্তাবিত বন্ধক সম্পত্তি খতিয়ান মূলে বা অন্যান্য কারণে মূল বায়া দলিল না পাওয়া গেলে কোম্পানী/দাতা গ্রহণযোগ্য কারণ প্রদর্শনপূর্বক সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার এর নিকট হতে হাল সময় থেকে পূর্ববর্তী ১২ বছরের নির্দায়ী সনদপত্র (Non-Encumbrance Certificate) জমা প্রদান করবে;	..... এ ছাড়া, প্রস্তাবিত বন্ধক সম্পত্তি খতিয়ান মূলে বা অন্যান্য কারণে মূল বায়া দলিল না পাওয়া গেলে কোম্পানী/দাতা গ্রহণযোগ্য কারণ প্রদর্শনপূর্বক সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রার/লাইসেন্সপ্রাপ্ত তত্ত্বাসীকারক এর নিকট হতে হাল সময় থেকে পূর্ববর্তী ১২ বছরের নির্দায়ী সনদপত্র (Non-Encumbrance Certificate) জমা প্রদান করবে। সে সাথে উক্ত মূল দলিল বা মূল বায়া দলিল কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বন্ধক রাখা হয়নি এবং প্রস্তাবিত জমি বিক্রি করা হয়নি মর্মে উদ্যোক্তা কর্তৃক ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প অসীকারনামা প্রদান করতে হবে।
২৪	প্রস্তাবিত জমিতে প্রকল্প স্থাপনের বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র (NOC) এবং পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র দাখিল করতে হবে;	প্রস্তাবিত জমিতে প্রকল্প স্থাপনের বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র (NOC) এবং পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র দাখিল করতে হবে। এছাড়া, প্রযোজ্য ক্ষেত্রে দেশের প্রচলিত বিধি বিধান পরিপালন করতে হবে;

সংযোজনীঃ ০১(এক)।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রফিক উল্লাহ ভূঁইয়া)

যুগ্ম পরিচালক

ফোনঃ ৫৫৬৬৫০০১-৬/২১৪৬৯

০/৮

